মুজিবনগরে মহাজনপুর ইউপি চেয়ারম্যানের পরিবারের পক্ষ থেকে ইফতার মাহফিল

মুজিবনগর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক মহাজনপুর ইউনিয়নের দুইবারের নির্বাচিত চেয়ারম্যান আমাম হোসেন মিলু ও তার পরিবারের পক্ষ থেকে ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

গতকাল মঙ্গলবার তার নিজ গ্রাম যতারপুর ফুটবল খেলার মাঠে ইফতার মাহফিলের এই আয়োজনে উপস্থিত ছিলেন পিরোজপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সারফরাজ হোসেন মৃদুল, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মেহেদী রাসেল, মোনাখালী ইউনিয়নের সভাপতি রফিকুল ইসলাম গাইন, বাগোয়ান ইউনিয়নের সভাপতি ও সাধারণ সম্পাদক, উপজেলা কৃষক লীগের সভাপতি ও সাধারণ সম্পাদক, উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল সহ উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ। এবং নিজগ্রাম যতারপুরের সাধারণ মুসল্লিগন। ইফতারে পূর্ব দোয়া অনুষ্ঠানে দেশবাসীর মঙ্গলের জন্য দোয়া করা হয়।